

প্রথম খালো

তারিখ ... ১৩ JAN 2013
পৃষ্ঠা ... ৩ ...

সিরাজগঞ্জে ছাত্রলীগ ছাত্রদলের সংঘর্ষ পুলিশসহ অর্ধশতাধিক আহত

নিজের প্রতিবেদক, সিরাজগঞ্জ ●

সিরাজগঞ্জ সরকারি কলেজে গতকাল শনিবার ছাত্রলীগ ও ছাত্রদলের নেতা-কর্মীদের মধ্যে সংঘর্ষে সাত পুলিশ সদস্যসহ অর্ধশতাধিক আহত হয়েছেন।

সংঘর্ষের ঘটনায় জেলা বিএনপির সদস্য মো. সাইদুল ইসলাম ও ছাত্রদলের কলেজ শাখার অর্থ সম্পাদক আবদুস সালামকে আটক করা হয়েছে। এ ছাড়া ইমন হোসেন, মোহেস রানা ও আমির হোসেন নামের তিন ব্যক্তিকেও আটক করা হয়।

পুলিশ ও প্রতিরক্ষা সূত্রের উল্লেখ্যে, গতকাল বেলা সাড়ে ১১টার দিকে ছাত্রদলের নেতা-কর্মীরা কলেজে ঢোকার চেষ্টা করলে ছাত্রলীগের নেতা-কর্মীরা তাঁদের বাধা দেন। এ সময় দুই পুড়ের মধ্যে সংঘর্ষ বেধে যায়। সংঘর্ষের সময় দুই পক্ষ রামদা, হকিষ্টিক, বর্ষম ও হুটপাটকেল ব্যবহার করে। প্রায় দুই ঘণ্টাব্যাপী সংঘর্ষে সন্দের ধারণার অরপ্রাণ কর্মকর্তা (এসি) রফিকুল ইসলাম খান, উপপরিদর্শক (এসআই) মনির হোসেনসহ পুলিশের সাত সদস্য আহত হন। এ ছাড়া সংঘর্ষে ছাত্রলীগের ২৫ জন এবং ছাত্রদলের ২০ জন নেতা-কর্মী আহত হন। আহত ব্যক্তিরা স্থানীয় বিভিন্ন ক্লিনিকে প্রাথমিক চিকিৎসা নিয়েছেন।

পুলিশ জানায়, পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ কর্মদানে গ্যাসের ৫২টি শেল ও ৭২টি রাবার বুলেট নিক্ষেপ করে। অতিরিক্ত পুলিশ ও রাবার ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

ছাত্রলীগের জেলা শাখার সভাপতি আমানুল্লাহমান বলেন, ছাত্রদলের সন্ত্রাসীরা কলেজের দক্ষিণ গেট ভেঙে ভেতরে প্রবেশ করলে, ছাত্রলীগের নেতা-কর্মীরা তাদের প্রতিহত করে।

জেলা ছাত্রদলের আহ্বায়ক আনোয়ার হোসেন বলেন, পরীক্ষা সম্পর্কে জানতে ছাত্রদলের নেতা-কর্মীরা কলেজে গেলে ছাত্রলীগের নেতা-কর্মীরা তাঁদের ওপর হামলা চালান। হামলা প্রতিহত করতে গেলে সংঘর্ষ বাধে।